

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৫.১৯.১২২

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৬

০৮ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৮০০৭/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০১.০৭.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আনোয়ারুল হক, পিতা: মৃত মাওলানা রুহুল আমীন এবং দাতা সদস্য, হরকলি ফাযিল মাদ্রাসা, রংপুর সদর, রংপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮০০৭/২০১৮ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব মো: আনোয়ারুল হক কর্তৃক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/প্রশা/ফা.গ.ব./র-১৩১/২০১৭/৪৪১১, তারিখ: ১১.১২.২০১৭ খ্রি:-কে চ্যালেঞ্জ করা হয়েছে। উক্ত স্মারক পত্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক হরকলি ফাযিল মাদ্রাসার জন্য গভর্নিং বডি'র সভাপতি এবং বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়েছে। এতে সংশ্লিষ্ট হয়ে এ্যাডহক কমিটির মনোনয়ন এবং গভর্নিং বডি'র নির্বাচন দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৮০০৭/২০১৮ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে ২ নং রেসপনডেন্ট, রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ১১ (এগার) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষের স্বার্থ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৮০০৭/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমাণসহ) সংগঠী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৮ ৭ ২০ ১৯

ড. মো: মহাভাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

রেজিস্ট্রার  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৫.১৯.১২২/১(৭)

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৬

০৮ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৮-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)